



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : [www.dinajpureducationboard.gov.bd](http://www.dinajpureducationboard.gov.bd)

E-mail : [dinajpureducationboard@gmail.com](mailto:dinajpureducationboard@gmail.com)

স্মারক নং : মাউশিবোর্ডি/পনি/পরীঃ/এসএসসি/২০১৭/১৮৩৮(৩৫০০)

তারিখ : ০৮/১২/২০১৭

## বিষয় : ২০১৭ সালের এসএসসি পরীক্ষার পরীক্ষক নিবন্ধন Online এ সম্পন্নকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি ।

উর্পযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের এসএসসি পরীক্ষার পরীক্ষক ও প্রধান পরীক্ষক নির্বাচনের জন্য সংশ্লিষ্ট সকল পরীক্ষক, প্রধান পরীক্ষক এবং পরীক্ষক হতে আগ্রহী (যাদের MPO Index নেই তারা আবেদন করতে পারবেন না তবে ক্যাডেট কলেজ, ক্যান্ট: পাবলিক, কালেক্টরেট, লায়স ও মিশনারীর প্রতিষ্ঠানসমূহ আবেদন করতে পারবেন।) শিক্ষকদের তথ্য Online এ সংগ্রহের লক্ষে দিনাজপুর শিক্ষা বোর্ড একটি Software Develop করেছে। শুধুমাত্র শিক্ষা বোর্ডের নিজস্ব Website : [www.dinajpurboard.gov.bd](http://www.dinajpurboard.gov.bd) অথবা, [www.dinajpureducationboard.gov.bd](http://www.dinajpureducationboard.gov.bd) Visit করতঃ DBTP (Dinajpur Board Teacher's Profile) Link Option ব্যবহার করে সংশ্লিষ্ট সকল পরীক্ষক/প্রধান পরীক্ষক এবং পরীক্ষক হতে আগ্রহী শিক্ষককে আগামী ১১/১২/২০১৬ তারিখ হতে ২৯/১২/২০১৬ তারিখের মধ্যে Online এ সঠিকভাবে তথ্য প্রদান পূর্বক Registration সম্পন্ন করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য শুধুমাত্র Online এ প্রাপ্ত তথ্য থেকেই ২০১৭ সালের এসএসসি পরীক্ষার পরীক্ষক ও প্রধান পরীক্ষক নির্বাচন করা হবে। পূর্বের তথ্য ব্যবহৃত হবে না। বিধায় সংশ্লিষ্ট সকলকেই Online এ অবশ্য অবশ্যই আবেদন করতে হবে।

## Online এ তথ্য প্রদানের ক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে :

- ০১। যে সকল সম্মানিত সহকারী শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক ইতোমধ্যে অবসরে গিয়েছেন এবং যাঁরা আগামী ৩১/০১/২০১৭ তারিখের পূর্বে অবসরে যাবেন তাঁদের ২০১৭ সালের এসএসসি পরীক্ষার পরীক্ষক/প্রধান পরীক্ষক হওয়ার জন্য Online-এ নিবন্ধন/আবেদন করার প্রয়োজন নেই।
- ০২। শারীরিক শিক্ষা বিষয়ে পরীক্ষক হতে ইচ্ছুক শিক্ষকদের BPED ডিগ্রী থাকা বাধ্যতামূলক। BPED ডিগ্রী নেই এমন কোন শিক্ষক শারীরিক শিক্ষা বিষয়ে পরীক্ষক/প্রধান পরীক্ষক হওয়ার জন্য Online নিবন্ধন করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোন বিদ্যালয়ের শিক্ষক যদি BPED ডিগ্রী ছাড়া শারীরিক শিক্ষা বিষয়ের পরীক্ষক/প্রধান পরীক্ষক হওয়ার জন্য নিবন্ধন করেন তাহলে এ বিষয়ে সৃষ্ট জটিলতার দায়-দায়িত্ব ঐ বিদ্যালয়ের প্রধান শিক্ষককে এককভাবে বহন করতে হবে।
- ০৩। একজন শিক্ষক একাধিক বিষয়ে পরীক্ষক হওয়ার জন্য Online-এ নিবন্ধন করতে পারবেন না। যদি কোন শিক্ষক একাধিক বিষয়ে পরীক্ষক হওয়ার জন্য নিবন্ধন সম্পন্ন করেন তাহলে তাঁকে এবং ঐ বিদ্যালয়ের প্রধান শিক্ষককে এ শিক্ষা বোর্ডের সকল পরীক্ষার পরীক্ষক ও গোপনীয় কার্যক্রম থেকে আজীবন নিষিদ্ধকরণসহ তাঁদের বেতন-ভাতাদি বন্ধের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৪। কলেজ পর্যায়ে পাঠদানকারী কোন শিক্ষক মাধ্যমিক পর্যায়ে পরীক্ষক/প্রধান পরীক্ষক হওয়ার জন্য আবেদন করতে পারবেন না। এরূপ করা হলে তাঁদের বিরুদ্ধে “পাবলিক পরীক্ষাসমূহ অপরাধ আইন- ১৯৮০” অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৫। পরীক্ষক হওয়ার জন্য রেজিস্ট্রেশনের সময় আবেদনকারী যে পাসওয়ার্ড নিজে তৈরি করে ব্যবহার করবেন উক্ত পাসওয়ার্ড যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। কেননা উত্তরপত্র গ্রহণের সময় এই পাসওয়ার্ডটি অবশ্যই প্রয়োজন হবে।
- ০৬। অত্র শিক্ষা বোর্ডের অওতাধীন সকল বিদ্যালয়ের সম্মানিত প্রধান শিক্ষক উপরে বর্ণিত সময়সূচি অনুযায়ী Online-এ নিবন্ধন সম্পন্ন করবেন এবং আগামী ০১/০১/২০১৭ তারিখ থেকে ০৫/০১/২০১৭ তারিখের মধ্যে স্ব স্ব বিদ্যালয়ের আবেদনকারী শিক্ষকদের Online এ দেয়া তথ্য যাচাই বাছাই করে Confirm করবেন। প্রধান শিক্ষকগণ বর্ণিত নিয়মাবলী অনুযায়ী নিজের তথ্য Online এ প্রদান করার পর নির্ধারিত ০১/০১/২০১৭ তারিখ থেকে ০৫/০১/২০১৭ তারিখের মধ্যে নিজ নিজ Profile এ প্রবেশ করে My Profile এর পার্শ্ব Teacher List Option এ ক্লিক করে স্ব স্ব বিদ্যালয়ের আবেদনকারী শিক্ষকদের প্রদেয় তথ্য যাচাই বাছাই করবেন এবং প্রয়োজন হলে Edit Option ব্যবহার করে কোন ভুল তথ্য সংশোধন করতে পারবেন। যাচাই শেষে Confirm বাটনে ক্লিক করে আবেদনকারী শিক্ষকদের তথ্য Online এ প্রেরণ নিশ্চিত করবেন। কোন বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবেদনকারী শিক্ষকদের আবেদন প্রেরণ না করলে অথবা তথ্য যাচাই বাছাই না করে Confirm করলে কিংবা কোন ভুল তথ্য প্রেরণ করলে তার সকল দায়-দায়িত্ব এককভাবে সংশ্লিষ্ট প্রধান শিক্ষককেই বহন করতে হবে।
- ০৭। Online এ তথ্য প্রদান করতে কিংবা Registration করতে সমস্যা হলে ০১৯৩১-১০০-৮০৩ এই মোবাইল নম্বরে SMS প্রেরণ করে সহায়তা নিতে পারবেন।
- ০৮। নির্ধারিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট সকলকে পরীক্ষক নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে হবে। কোন ক্রমেই সময়সীমা বৃদ্ধি করা হবে না।

স্বাক্ষরিত/-

মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন

সকল নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে বিতরণ-

- ০১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০৩। Website কপি।
- ০৪। নোটিশ বোর্ড।